শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া, নাটোর।
টেলি: ০৭৭২৩-৫৬০৯৩,০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্স: ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল : natorepbs2hq@yahoo.com
web address: www. pbs2.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯১৫.৫১৩.০২.০০৮.২২. ২৫৩৭ তারিখঃ ১৪ জুন,২০২২ খ্রিঃ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ড্রাইভার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম ও সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়সসীমা | জেলা কোটার প্রাপ্যতা না থাকায় নিম্নবর্ণিত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ড্রাইভার ০২ টি (নিয়োগ কালীন পদ সংখ্যা কম/ বেশী হতে পারে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক ১৬,৬০০.০০- ৪১,৯৫০.০০ টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | (ক) প্রার্থী কে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ নুন্যতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশনা,সাংকেতিক চিহ্ন বুঝা,পূর্নাঙ্গ প্রতিবেদন তৈরী এবং সময়সূচী পড়ার সামর্থ থাকতে হবে।<br>(খ) BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ নূন্যতম হালকা যান চালানোর লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ যে কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনা ও রক্ষণাবেক্ষন কাজে নূ্যনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে।<br>(ঘ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র জমা প্রদান করতে হবে।<br>(ঙ) নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত পবিস/বিআরইবি (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রতিনিধির উপস্থিতিতে গাড়ী চালানো, লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে ( লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি)।<br>(চ) প্রার্থীকে সৎ,বিশ্বস্ত,নম্র সু-স্বাস্থ্যের অধিকারীসহ ব্যাক্তিত্বসম্পন্ন হতে হবে। সিভিল সার্জন/ পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীকে স্বাস্থ্য ও দৃষ্টি শক্তি পরীক্ষায় উর্ত্তীণ হতে হবে। | ০৫/০৭/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের প্রমাণক হিসাবে শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র এবং ড্রাইভিং লাইসেন্সে উল্লিখিত জন্ম তারিখ বিবেচিত হবে। | বান্দরবন,বরগুনা,বগুড়া, চুয়াডাঙ্গা,ঝিনাইদহ,জয়পুর হাট,খুলনা,কুষ্টিয়া,মাগুরা ,মেহেরপুর,নওগাঁ,নাটোর, নবাবগঞ্জ,পাবনা,পঞ্চগড়, রাজশাহী,সিরাজগঞ্জ, টাঙ্গাইল। |

**শর্তাবলীঃ**

০১॥ আগ্রহী প্রার্থীগণকে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট **www.pbs2.natore.gov.bd** অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **www.reb.gov.bd** হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে ( ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক উত্তরা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে উত্তরা ব্যাংক লিমিটেড, বনপাড়া শাখার উপর ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করত: আগামী ০৫/০৭/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে (সরাসরি বা হাতে হাতে আবেদন গ্রহণযোগ্য হবে না)। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন আবেদন ফরমে/ সাদা কাগজে/ টাইপকৃত / সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

০২॥ প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ( সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/ সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (মার্কশীট/ প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

অপর পৃষ্ঠা

Kauf

গ) BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
ঘ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।
ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
চ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখাসহ সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
ছ) উত্তরা ব্যাংক লিঃ এর যে'কোন শাখা হতে **নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২** এর অনুকুলে উত্তরা ব্যাংক লিমিটেড, বনপাড়া শাখার উপর সংগৃহীত ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট।

০৩॥ অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়'' উল্লেখ করতে হবে।

০৪॥ প্রার্থী কর্তৃক তার ড্রাইভিং লাইসেন্স ,শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৫॥ প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশনে'' নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ স্বীকৃত মেডিক্যাল অফিসার/ পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭ এবং ৩০০-২৪) শর্ত প্রতিপালন সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৬॥ অত্র পবিসের এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৭॥ প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৮॥ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯॥ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহুর্ত পর্যন্ত নিয়োগ/ বদলী/ পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি- বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০॥ অন্য কোন সংস্থা অথবা অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১১॥ লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১২॥ প্রাপ্ত আবেদনসমূহের প্রাথমিক যাচাই-বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য প্রার্থীদের (প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ) ঠিকানায় প্রবেশপত্র রেজিস্টার ডাকযোগে প্রেরণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। সকল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী চূড়ান্ত প্যানেল প্রস্তুত করা হবে।

১৩॥ চূড়ান্ত প্যানেল হতে জেলা কোটার প্রাপ্যতা সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী নিয়োগপত্র ইস্যু করা হবে। যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

১৪॥ ০৫/০৭/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ন্যুনতম ১৮ বছর হতে সর্বোচ্চ ৪৫ বছরের মধ্যে হতে হবে ( জন্ম তারিখের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

১৫॥ খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৬॥ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০৬/২০২২
(মোঃ মোমীনুল ইসলাম )
জেনারেল ম্যানেজার ।
ফোনঃ ০৭৭২৩-৫৬০৯৩

<u>অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়/ সদয় অবগতির জন্য)।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর/ আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, নাটোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.................................. পবিস-১/২/৩/৪ → সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ................................, নাটোর।
০৭। ডিজিএম (সদর-কারিগরী), চারঘাট/গুরুদাসপুর/লালপুর/বাঘা জোনাল অফিস, নাপবিস-২।
০৮। এজিএম (অর্থ/ ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি), নাপবিস-২।
০৯। এজিএম (ওএন্ডএম) লক্ষীকোল/দয়ারামপুর সাব জোঃ অফিস, নাপবিস-২।
১০। নোটিশ বোর্ড/ ওয়েব সাইট, নাটোর পবিস-২।
১১। অফিস/ মাষ্টার কপি।

২৮/০৬/২০২২
(মোঃ মোমীনুল ইসলাম )
জেনারেল ম্যানেজার ।
Kaub